# পঞ্চম উপজেলা পরিষদের ৩৯ তম সভার কার্যবিবরণী

ভাপতি : জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির, প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১১ আগস্ট ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বুস্টার ডোজ টিকা ৪৮,৬৩৭ জনকে দেওয়া হয়েছে। তিনি আরোও জানান যে, সরকারের সিদ্ধান্ত মোতাবেক ৫ বছর থেকে ১১ বছর বয়সের ছাত্রছাত্রীদের মধ্যে শীঘ্রই করোনা ভ্যাকসিন ১ম ডোজ দেওয়া হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার উপস্থিত প্রতিনিধি আলোচ্য মাসে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইন-চার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শোক দিবস, ১৫ আগষ্ট-২০২২ যথাযথ মর্যাদায় পালনের জন্য ইতোমধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাকের পাশে ড্রেন নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>খ. সভাপতি জানান, কানাইঘাট হতে দরবস্ত পর্যন্ত রাস্তার অবস্থা খুবই খারাপ থাকায় প্রতিদিন ছোট-খাটো দূর্ঘটনা ঘটে এবং সবসময়ই যানজট লেগে থাকে। দ্রুত রাস্তা মেরামতের প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। | ক. উপজেলা পরিষদের ভেতরের আনসার ব্যারাকের পাশে ড্রেন নির্মাণ করার জন্য প্রাক্কলন প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. কানাইঘাট হতে দরবস্ত পর্যন্ত রাস্তার মেরামতের জন্য উর্ধতন | উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কানাইঘাট উপজেলায় ৫ম পর্যায়ে ২০২১-২২ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পঃ (INF-২০২০-২১-৬০৯১৫৯-০১) কানাইঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু ডেক্স-বেঞ্চ সরবরাহ কাজ ১০০% ড্রইং-ডিজাইন ও স্পেসিফিকেশান অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করে ঠিকাদারী প্রতিষ্ঠান এন মোহাম্মদ প্লাস্টিক ইন্ডাস্টিজ লিমিটেড, পশ্চিম শালাসার, সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্রগ্রাম ভ্যাট-ট্যাক্স ব্যতীত ২৩,৫৮,৭২০.০০ (তেইশ লক্ষ আটান্ন হাজার সাতশত বিশ) ভ্যাট ৪,৯১,৪০০.০০, আয়কর ৯৮,২৮০,০০ এবং জামানত ৩,২৭,৬০০.০০; সকল কর্তন শেষে মোট ৩২,৭৬,০০০.০০(বত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকার বিল দাখিল করেছেন। যাহা অত্র সভায় অনুমোদন করা প্রয়োজন।<br>ঘ. চেয়ারম্যান, ০৩ নং দিঘিরপাড় পূর্ব ইউনিয়ন পরিষদ জানান যে, দিঘিরপাড় পূর্ব ইউনিয়নের অর্ন্তগত ০৫ নং ওয়ার্ডের ঠাকুরের মাটি আরএইচডি হতে ডেমারগ্রাম রাস্তার কোড নং ৬৯১৫৯৪১২৮ দৈর্ঘ্য ২.৯৫০ কি:মি: রাস্তা পাকা করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।<br>গ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু ডেক্স-বেঞ্চ সরবরাহ প্রকল্পের কাজটি উপজেলা প্রকৌশলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর কানাইঘাট,সিলেট কর্তৃক সরেজমিন গমন করে যৌথ প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>ঘ. দিঘিরপাড় পূর্ব ইউনিয়নের অর্ন্তগত ০৫ নং ওয়ার্ডের ঠাকুরের মাটি আরএইচডি হতে ডেমারগ্রাম রাস্তার কোড নং ৬৯১৫৯৪১২৮ দৈর্ঘ্য ২.৯৫০ কি:মি: রাস্তা পাকা করনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার কৃষি বিভাগের মৌসুম ভিত্তিক মাঠ কার্যক্রম চলমান। আমন ধান আবাদের জন্য সার মজুদ ও সরবরাহ/বিতরণ স্বাভাবিক আছে। ৭০% ভর্তূকীতে কৃষি যন্ত্র বিক্রয়ের জন্য আবেদন আহবান করা হয়েছে। তিনি আরোও জানান যে, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পদক ১৪২৭ ও ১৪২৮ বঙ্গাব্দে কৃষক পর্যায়ে পুরস্কারের জন্য দরখাস্ত আহবান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, "মাননীয় প্রধানমন্ত্রীর উপহার, প্রাণীর পাশে ডাক্তার" প্রতিপাদ্য নিয়ে কানাইঘাট এ ০১(এক)টি মোবাইল ভেটেরিনারী | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্লিনিক(এম.এন.সিব) নামে গাড়ী পাওয়া গেছে। খামারীদের দোরগোড়ায় সেবা পৌছে দিতে এ উপহার সর্বোচ্চ প্রচেষ্টা করা হবে। তিনি আরোও জানান, গো খাদ্যোর সংকট মোকাবেলায় ও বন্যা পরবর্তী কাঁচা ঘাসের অভাব দুর করতে ৮০(আশি) জন খামারীর মধ্যে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় মহিষ পালনকারী কৃষকদের মধ্যে ভিটামিন মিনডেন প্রিমিক্স ও কৃমিনাশক ঔষধ বিতরণ করা হবে। ২৭০ জন খামারীকে মহিষ) প্রদান করা হবে এবং ৫০ জন মরগী পালনকারী প্রান্তিক খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে নির্ধারিত লিংকে আবেদন করতে হবে। এক্ষেত্রে সকল প্রকৃত প্রতিবন্ধী যেন অনলাইনে আবেদন করেন সেই বিষয়ে চেয়ারম্যান, জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান, প্রকৃত প্রতিবন্ধী জরিপের আওতায় না আসলে দ্রুত জরিপ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণদেরকে সহযোগিতার করার জন্য সভাকে অবহিত করেন। | প্রকৃত প্রতিবন্ধী জরিপের আওতায় না আসলে দ্রুত জরিপ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ কানাইঘাট, সিলেট |
| ১০ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর), গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা/কাবিটা)বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ ইউনিয়ন ওয়ারী আয়তন ও জনসংখ্যা অনুসারে বিভাজন করা হয়েছে, বিভাজন অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়ন হতে প্রকল্প তালিকা দ্রুত দাখিল করার জন্য সভায় অনুরোধ জানান। | ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা / কাবিটা ) এর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প তালিকা দ্রুত দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ কানাইঘাট,সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা সভায় জানান যে, এ উপজেলার তথ্যকেন্দ্রে গত মে ও জুন মাসে ০৮(আট)টি উঠান বৈঠকের মাধ্যমে ৪০০ জন মহিলাকে সেবা দেওয়া হয়। তাছাড়া প্রতিমাসে ৩৫০+৩৫০=৭০০ জন মহিলাকে নারীর ক্ষতায়নের জন্য ডুর টু ডুর সেবা প্রদান করা হয় এবং তথ্যকেন্দ্রে অসহায় মহিলাদের ফ্রি ওজন মাপা, উচ্চতা মাপা ও স্বাস্থ্য পরামর্শ প্রদান করা হয় বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্য আপা কর্ম... কানাইঘাট,সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সমবায় অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান রয়েছে এবং জাতীয় সমবায় পুরস্কার-২০২১ এ কানাইঘাট উপজেলায় ০২(দুই)টি সমিতিকে পুরস্কৃত করা হয়। তিনি আরোও জানান, সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায় হয়েছে ২,৬১,০০০/-(দুই লক্ষ একষট্টি হাজার)টাকা এবং রাজস্ব আদায় হয়েছে ১১,০০০/-(এগার হাজার) টাকা বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস উপলক্ষে প্রশিক্ষণ প্রাপ্ত যুবকদের মধ্যে ৪,৮০,০০০/-(চার লক্ষ আশি হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দের তালিকা অনুসারে কাজ চলমান ও অন্যান্য প্রকল্পের কাজ স্বাভাবিক চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২০ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকার তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী সঞ্চয় | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় | বিভাগীয় কার্যক্রম | উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ব্যাংক | জানান যে, জুলাই-২০২২ মাসে পল্লী সঞ্চয় ব্যাংক থেকে মোট ঋণ আদায় হয়েছে ১৬.০০ (ষোল লক্ষ),ঋণ বিতরণ হয়েছে ৯.০০(নয় লক্ষ) টাকা এবং ১.৫০ (এক লক্ষ পঞ্চাশ হাজার)টাকা টাকা সঞ্চয় আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | অব্যাহত রাখতে হবে। | পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৩ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০১ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২ টি এবং ১৮৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৪ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, ২০২০-২১ অর্থ বছরে কানাইঘাট উপজেলার বিভিন্ন সংযোগ রাস্তায় ও বাঁধে ১২.০ কিঃমি সিডলিং এবং ২০২১-২০২২ সনে ২০.০ সিডলিং কিঃমিঃ সামাজিক বনায়নে (স্ট্রীপ) বাগান সৃজন করা হয়েছে। বিগত প্রলয়ংকারী বন্যায় বেশকিছু চারা ক্ষতিগ্রস্থ হয়েছিল। বন্যা পরবর্তী সময়ে তা রক্ষণাবেক্ষণের মাধ্যমে একটি সফল বাগানে পরিণত করা হয়েছে। স্থানীয় জনগণের গরু,মহিষ,ছাগল দ্বারা বাগান ক্ষতিগ্রস্থ হইতেছে। বাগানের চারা রক্ষার্থে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে। এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ২৬ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১.সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত ও জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, মালি ও সুইপারের বেতন-ভাতা; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাংঙ্গিক ব্যয় (চ) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ সংস্কার কাজ বাবদ ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মাওলানা আব্দুল্লাহ শাকির
প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১১৬(৩৬)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯ / ১১ আগস্ট ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা --------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব------------------------------------ কানাইঘাট, সিলেট

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো ঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ আবু তাহীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মো ঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো ঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ মোঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো : সোহেল আহমদ | প্রতিনিধি,অফিসার ইনচার্জ,কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: আবু হানিফ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব জি.এম সেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব ফয়সাল হোসেন | প্রতিনিধি, উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব পনিরুজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো ঃ আক্তার হোসেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব হারুন রশিদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাভানা হক | উপজেলা তথ্য আপা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

### সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট |
| ০৮ | নারী সংরক্ষিত সদস্য,কানাইঘাট,সিলেট |

CamScanner